গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৭২.২৩-৬৯ তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৯ জুন ২০২৪

বিষয়: ২০২৪-২৫ অর্থবছরের চূড়ান্ত এপিএ APAMS সফটওয়্যারে এন্ট্রি/আপলোডকরণ এবং স্বাক্ষরের নিমিত্ত হার্ডকপি প্রেরণ সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ে ৬৪টি জেলা কার্যালয়ের উপপরিচালকগণের সাথে মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তি স্বাক্ষর সম্পাদনের লক্ষ্যে প্রণয়নকৃত চূড়ান্ত এপিএ APAMS সফটওয়্যারে এন্ট্রি/আপলোড পূর্বক আগামী ১৩ জুন ২০২৪ তারিখের মধ্যে সফটওয়্যারে দাখিল সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২। এমতাবস্থায়, এপিএএমএস সফটওয়্যারে এপিএ চূড়ান্ত দাখিল সম্পন্ন করে সফটওয়্যারের "প্রতিবেদন" মেন্যু থেকে ২০২৪-২৫ অর্থবছরের চুক্তিপত্র ডাউনলোড (আবশ্যিক কৌশলগত অংশ-সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম: সংযোজনী ৪, ৫, ৬, ৭ ও ৮ সহ) ও প্রিন্ট করে দুই কপি বাধাইকৃত চূড়ান্ত চুক্তিপত্রে স্বাক্ষরপূর্বক অত্র অধিদপ্তরের এপিএ টিম প্রধান এর নিকট আগামী ২০ জুন ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য যে, অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালকগণ উপজেলা কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সাথে ২০২৪-২৫ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর আগামী ২৬ জুন ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করবেন এবং স্বাক্ষরকৃত এপিএ'র একটি মূলকপি সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে সংরক্ষণ ও স্বাক্ষরিত এপিএ ওয়েবসাইটে প্রকাশ করবেন।

০৯.৬.২০২৪
(মোঃ মানিকহার রহমান)
পরিচালক (প্রশাসন) (অতি: দা:)
☎+৮৮-০২- ২২৩৩৮০৭০৩

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১. অতিরিক্ত সচিব(প্রশাসন) ও এপিএ টিমপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ।
২. পরিচালক/প্রকল্প পরিচালক-------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপপরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপপরিচালক/কোঅর্ডিনেটর(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,......................জেলা।
৬. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. ডেপুটি কোঅর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, ......................জেলা (সকল), যুব প্রশিক্ষণ কেন্দ্র।[ভার্চুয়ালি যুক্ত হওয়ার অনুরোসহ]

৮. সহকারী পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৯. মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১০. অফিস কপি।

(অমলেন্দু বিশ্বাস)
প্রোগ্রামার